

## ‘ছাত্রসংসদ নির্বাচন না হলে গণতন্ত্র সঙ্কুচিত হবে’

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়গুলোতে নিয়মিত ছাত্রসংসদ নির্বাচন না হওয়ার কারণে র‍্যাগিং, টর্চারের মতো জঘন্য ঘটনা সংঘটিত হওয়ার সুযোগ পাচ্ছে। নিয়মিত ছাত্রসংসদ নির্বাচন না হলে দেশে বিরাজনীতিকরণ ঘটবে, গণতন্ত্র সঙ্কুচিত হবে এবং অপশক্তির উত্থান ঘটবে। বাংলাদেশ রাষ্ট্র ও সরকার ব্যবস্থা গণতান্ত্রিক চরিত্র হারাবে। তিনি বলেন, উদ্ভূত পরিস্থিতিতে করণীয় হচ্ছে বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্রসংসদ নির্বাচন নিয়মিত অনুষ্ঠানের আয়োজন করা। বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে সিনেট হলে কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্টের (সিইডিপি) ৭ম ব্যাচের শিক্ষক-প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সিইডিপির ৭ম ব্যাচের সমাপনী অনুষ্ঠান শেষে প্রশিক্ষণে অংশ নেয়া ১শ’ ২৬ শিক্ষকের হাতে সনদ তুলে দেন উপাচার্য। এর মধ্যে মার্কেটিং বিভাগে ৩৬, সমাজবিজ্ঞান বিভাগে ৩৫, রসায়নে ১৭ ও অর্থনীতিতে ৩৮জনকে সনদ দেয়া হয়।

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপউপাচার্য প্রফেসর ড. মশিউর রহমান, কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ নোমান উর রশীদ, ডিনবৃন্দ, রেজিস্ট্রারসহ বিভাগীয় প্রধানগণ।

নান্দাইলে পলিথিন জব্দ ॥ জরিমানা

সংবাদদাতা, নান্দাইল, ময়মনসিংহ, ১৬ অক্টোবর ॥ নিষিদ্ধ পলিথিন ব্যাগ রাখার অপরাধে এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার রাতে খারুয়া ইউনিয়নের দেওয়ানগঞ্জ বাজারে ব্যবসায়ী সাদেক মিয়াকে এই জরিমানা ধরা হয়। এ সময় তার দোকান থেকে ৫০ কেজি পলিথিন উদ্ধার করে সেখানেই পুড়িয়ে ফেলা হয়।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com  
ই-জনকণ্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com